“সিয়াম পালনকারী ভুলক্রমে যদি আহার করে বা পান করে, তাহলে সে যেন তার সাওম পূর্ণ করে নেয়। কেননা আল্লাহই তাকে খাইয়েছেন এবং পান করিয়েছেন”।

আবূ হুরাইরা রদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন: “সিয়াম পালনকারী ভুলক্রমে যদি আহার করে বা পান করে,
তাহলে সে যেন তার সাওম পূর্ণ করে নেয়। কেননা আল্লাহই তাকে খাইয়েছেন এবং পান
করিয়েছেন”।
[সহীহ] [সহীহ বুখারী ও মুসলিম]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ব্যাখ্যা করেছেন যে, যে ব্যক্তি সিয়াম রাখার সময় ভুলে কিছু খায় বা পান করে, তা সে ফরয হোক বা নফল, তার উচিত তার সিয়াম পূর্ণ করা এবং ভঙ্গ না করা। কারণ তিনি সিয়াম ভাঙার ইচ্ছা করেননি, বরং এটি ছিল এমন একটি রিযিক যা আল্লাহ তার পর্যন্ত এনেছেন এবং তাকে খাইয়েছেন ও পান করিয়েছেন।

http://sunnah.global/hadeeth/bn/show/4525